গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
wwwharinakunda.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৪১৪.০০১.১৫.০৩৮.২৬-৫২৩

তারিখ : ২১/০৭/২০২৬ খ্রিঃ

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট/২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর/২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে হরিণাকুণ্ডু উপজেলার তথ্য সংগ্রহের জন্য **তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার** নিয়োজন করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) নুন্যতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স ১৮-৪০ বছর (শুমারির তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর প্রাপ্তি<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী-প্রতি উপজেলায় কমপক্ষে ৫০% নারী গণনাকারীর লক্ষ্যমাত্রা<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রিধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা<br>ঘ) শুমারি এলাকার স্থানীয় ভাষায় দক্ষ। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>গ) পাসপোর্ট সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | সুপারভাইজার | ক) নুন্যতম ব্যাচেলর ডিগ্রি বা সমমান পাস<br>খ) বয়স ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর প্রাপ্তি<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলীয় নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব :<br>ক) প্রতিটি গণনা এলাকা শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেটে চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>ঙ) সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিকভাবে জানানো | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কমরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>গ) পাসপোর্ট সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:**

১। উপজেলা সমাজসেবা কার্যালয়, হরিণ কুন্ডু, ঝিনাইদহ ।

২।উপজেলা সমাজসেবা কার্যালয়, হরিণা কুন্ডু, ঝিনাইদহ এর ওয়েব সাইটে পাওয়া যাবে লিংক: dss.harinakundu.jhenaidah.gov.bd।

**আবেদন ফরম দাখিলের স্থান:**

১। উপজেলা সমাজসেবা কার্যালয়, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| ক্র: নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বেলা ৩.৩০টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বেলা ৩.৪৫ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা |

শর্তাবলি

১) তথ্য সংগ্রহকারীগণ জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
৩। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
৫। কোনো অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।
৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৮। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২১/০৭/২৬

প্রদীপ্ত রায় দীপন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ
মোবাইল: ০১৩২৪-১৬৪৮১২
ইমেইল: unoharinakunda@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
dss.harinakundu.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৪৪১৪.০০০.০০০.০৬.০০১৫.২৬.৭৭ তারিখ : ২১/০৭/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-০২।
২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৫। প্রশাসক, হরিণাকুণ্ডু পৌরসভা, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৬। সহকারী কমিশনার (ভূমি), হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
৭। অফিসার ইনচার্জ, হরিণাকুণ্ডু থানা, ঝিনাইদহ।
৮। সদস্য, ..........................................ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, হরিণাকুণ্ডু ,ঝিনাইদহ।
৯। সদস্য, ..........................................ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, হরিণাকুণ্ডু , ঝিনাইদহ।
১০। উপজেলা ...সমবায়............... অফিসার , হরিণাকুণ্ডু ঝিনাইদহ।
১১। চেয়ারম্যান/প্রশাসক,.......................................ইউনিয়ন পরিষদ(সকল), হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
১২। জনাব, ..........................................................................................................।
১৩। অফিস নথি।

শিউলী রানী
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ
মোবাইল: ০১৩২৪-১৫৮৬০৪
ইমেইল: usso.harinakunda@dss.gov.bd

২১/০৭/২৬